সমকাল

তারিখ: 05 SEP 2016
পৃষ্ঠা: ৪ কলাম: ৭

# দারুল ইহসানের শিক্ষার্থীরা বিড়ম্বনার অবসান চান

■ সমকাল প্রতিবেদক

দুর্নীতি, অনিয়মসহ নানা অভিযোগে উচ্চ আদালতের নির্দেশে বন্ধ হয়ে যাওয়া বেসরকারি দারুল ইহসান বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীদের সনদ প্রত্যয়নসহ বিভিন্ন ক্ষেত্রে হয়রানি করার অভিযোগ উঠেছে। এ অবস্থায় ওই বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীরা সনদ প্রত্যয়নসহ প্রশাসনিক অন্যান্য কার্যক্রম চালুর রাখার জন্য 'বিশেষ ব্যবস্থাপনার' দাবি জানিয়ে বিড়ম্বনার অবসান চেয়েছেন।

গতকাল রোববার সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে ল' রিপোর্টার্স ফোরাম কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। দারুল ইহসান বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন আয়োজিত সংবাদ সম্মেলনে সংগঠনের সদস্য সচিব আবদুল্লাহ আল রেজা বলেন, 'বিশ্ববিদ্যালয়টি বন্ধ হওয়ায় পাস করা শিক্ষার্থীরা নানা ধরনের হয়রানির শিকার হচ্ছেন। বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে সনদ সত্যায়নের জন্য পাঠালে তার জবাব দেওয়ারও কেউ নেই।' সংবাদ সম্মেলনে আরও বক্তব্য রাখেন আসাদুজ্জামান, মাহমুদুল হাসান প্রমুখ।